# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৫২) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর বাণীঃ ‘সকল প্রকার কল্যাণ আপনার উভয় হাতে। অকল্যাণ আপনার দিকে সম্পৃক্ত নয়’ এর অর্থ কি? অথচ আল্লাহ্ তাআলা ভালমন্দ সবকিছুর সৃষ্টিকারী

উত্তরঃ কথাটির মর্ম হচ্ছে আল্লাহ্ তাআলার সকল কর্মের ভিত্তি কল্যাণের উপর। আল্লাহর পক্ষ হতে সকল কর্ম সৃষ্টি হওয়া এবং তিনি তা দ্বারা গুণান্বিত হওয়ার কারণে তাতে কোন অকল্যাণ নেই। কারণ আল্লাহ্ প্রজ্ঞাময়, ন্যায় বিচারক, তার সকল কাজ প্রজ্ঞা ও ইনসাফপূর্ণ। তিনি প্রত্যেক বস্তুকে স্বীয় জ্ঞান মোতাবেক উপযুক্ত স্থানে স্থাপন করেন। আল্লাহর সৃষ্ট অকল্যাণকে বান্দার সাথে সম্পৃক্ত করার কারণ হল, বান্দাই এর মাধ্যমে ক্ষতি ও ধ্বংসের সম্মুখীন হয়ে থাকে, যা তার বান্দার উভয় হাতের কামাইয়ের পরিপূর্ণ ফল। আল্লাহ্ তাআলা বলেনঃ

وَمَا أَصَابَكُمْ مِنْ مُصِيبَةٍ فَبِمَا كَسَبَتْ أَيْدِيكُمْ وَيَعْفُو عَنْ كَثِيرٍ

“তোমাদের যে বিপদাপদ ঘটে তা তো তোমাদেরই হাতের কামাইয়ের ফল এবং তোমাদের অনেক আপদ তিনি ক্ষমা করে দেন”। (সূরা শুরাঃ ৩০) আল্লাহ্ তাআ’লা আরও বলেনঃ

وَمَا ظَلَمْنَاهُمْ وَلَكِنْ كَانُوا هُمُ الظَّالِمِينَ

“আমি তাদের প্রতি যুলুম করি নি; বরং তারা নিজেরাই ছিল যালেম”। (সূরা যুখরুফঃ ৭৬) আল্লাহ্ তাআ’লা বলেনঃ

إِنَّ اللَّهَ لاَ يَظْلِمُ النَّاسَ شَيْئًا وَلَكِنَّ النَّاسَ أَنْفُسَهُمْ يَظْلِمُونَ

“নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি কোন যুলুম করেন না, কিন্তু মানুষ নিজেরাই নিজেদের প্রতি যুলুম করে”। (সূরা ইউনুসঃ ৪৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন